CBC 22201/13/0104/2324
মোদি সরকারের গ্যারান্টি
পিএম স্বনিধি ব্যবসায় স্বনির্ভরতা নিশ্চিত করছে
বিশদে জানতে স্ক্যান করুন
৫৮ লক্ষেরও বেশি পথ–বিক্রেতা পেয়েছেন
৭৫ লক্ষেরও বেশি কোল্যাটারাল–মুক্ত ঋণ
আমাদের সংকল্প বিকশিত ভারত

Aajkaal: 08.01.2024: Kolkata, Siliguri

যুব ব্রিগেডে বুদ্ধর বার্তা

আজকালের প্রতিবেদন

ব্রিগেডের সভায় বক্তব্য পেশ করছেন ডিওয়াইএফআই–এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখার্জি। ছবি: দীপক গুপ্ত

প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের পাঠানো রবীন্দ্রগানের একটি কলিতে উদ্বুদ্ধ হল মীনাক্ষী মুখার্জিদের কয়েক লাখি ব্রিগেড। বুদ্ধবাবুর পাঠানো বার্তা পাঠ করেন মীনাক্ষী। ‘আমরা নূতন যৌবনেরই দূত’ গানটির মাঝখান থেকে সংগঠনের প্রতিষ্ঠাতা সম্পাদক লিখে পাঠিয়েছেন, ‘যেখানে ডাক পড়ে, জীবন মরণ ঝরে, আমরা প্রস্তুত।’ ‘এটাই ডিওয়াইএফআই। সুতরাং ব্রিগেডের সমাবেশ সাফল্যমণ্ডিত হবে।’ মীনাক্ষী বলেন, ‘বুদ্ধদেব ভট্টাচার্য আমাদের সংগঠনের প্রতিষ্ঠাতা সম্পাদক। গতকাল সমাবেশের আগে পূর্বসূরির কাছে উষ্ণতা নিতে গিয়েছিলাম আমরা। এদিন বিমান বসু, সূর্যকান্ত মিশ্রের মতো সিপিএমের প্রবীণ নেতারা ব্রিগেডে উপস্থিত থাকলেও তাঁরা ছিলেন দর্শকাসনে। শনিবার রাত থেকেই ব্রিগেডে আসতে থাকেন বামপন্থী কর্মী–সমর্থকেরা। ব্রিগেড নিয়ে আশা পূরণ হল বলেই মনে করছে সিপিএম। মীনাক্ষী থেকে সেলিম কখনও হিন্দিতে, কখনও বাংলায় বক্তৃতা করেন এদিন। সমাবেশ শুরু হয় রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বাংলার মাটি বাংলার জল’ গান দিয়ে। দলনেত্রী মীনাক্ষী মুখার্জি তাঁদের মনে করিয়ে দিলেন, ‘ইনসাফ যাত্রা’ শেষ হলেও ইনসাফের জন্য লড়াই শেষ হয়নি। ডিওয়াইএফআইয়ের প্রাক্তন সাধারণ সম্পাদক মহম্মদ সেলিম জানান, এই ব্রিগেড থেকেই শুরু লড়াই। এদিন নজরুলের একটি কবিতা বলতে গিয়ে মাঝপথে থেমে যান মীনাক্ষী। বলেন,‘ ভুলে গেছি, রণক্লান্ত তো!’ ঠিক পরেই সেলিম বলেন,: এটাই ডানপন্থীদের সঙ্গে বামেদের তফাৎ। আমরা ভুল স্বীকার করতে জানি।’

এদিনের সভায় বক্তা ছিলেন সংগঠনের রাজ্য সভাপতি ধ্রুবজ্যোতি সাহা, সর্বভারতীয় সভাপতি এ রহিম, সাধারণ সম্পাদক হিমগ্নরাজ ভট্টাচার্য, এসএফআই রাজ্য সম্পাদক সৃজন ভট্টাচার্য, সিপিএম কেন্দ্রীয় কমিটির সদস্য আভাস রায়চৌধুরিও। এদিন সরাসরি কখনও রাজ্যের সরকারকে, কখনও কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেছেন সব বক্তাই। সমাবেশের সুর কিন্তু আসন্ন লোকসভা ভোটকেই বার বার মনে করিয়ে দিয়েছে। মীনাক্ষীর ঘোষণা, ‘লড়াই হোক বড় মাঠে, যেখানে ধর্ম, পোশাক, ভাষা, খাদ্যাভ্যাস শর্ত হবে না। শর্ত হবে রুটি, রুজি।’ মণিপুরের অবস্থার কথা বলে মনে করিয়ে দেন ডাবল ইঞ্জিন সরকারের কী হাল দেখুন। এই বাংলায় তাই বিকল্প বিজেপি হতে পারে না। তিনি বলেন, ‘যারা ব্যাঙ্ক, রেল, ডাকবিভাগ থেকে শুরু করে সব বেচে দিচ্ছে তারা বাংলাকে বাঁচাবে না।’ সমাবেশের শেষে ভারতীয় সংবিধানের প্রস্তাবনা পাঠ করেন মীনাক্ষী। জানান, এই প্রস্তাবনা মেনে শুরু হবে বামেদের লড়াই।

ভিড় হলেই ভোট হয় না: তৃণমূল

দীপঙ্কর নন্দী

‘ভিড় হলেই দলের পক্ষে ভোট পড়বে না। বিশেষ করে সিপিএম পার্টির মতো দলকে মানুষ ভোট দিয়ে ফিরিয়ে আনবে না। টিভিতে ব্রিগেডের ভিড় দেখলাম। খেটেখুটে লোক এনেছে বটে। কিন্তু লোক আনলে কী হবে, ভোট আনতে পারবে না।’ রবিবার ডিওয়াইএফ(আই)–এর ব্রিগেডে সভার পর এই মন্তব্য করেন তৃণমূলের সাংসদ সৌগত রায়। তিনি বলেন, ‘২০১৫–য় সিপিএম ব্রিগেডে সভা করে। ২০১৬–য় বিধানসভা নির্বাচনে কোনও ভোট পায়নি। মানুষ ওদের প্রত্যাখ্যান করেছে। ৩৪ বছর বাম রাজত্ব চলেছে। শেষের দিকে কয়েক বছর সিপিএম একনাগাড়ে জনবিরোধী কাজ করে গেছে। বিরোধী নেত্রী ছিলেন মমতা ব্যানার্জি। তিনিই একমাত্র সিপিএমের বিরুদ্ধে প্রতিবাদে নামেন। বিভিন্ন জায়গায় আন্দোলন করেন। সিঙ্গুর, নন্দীগ্রাম নিয়েও মমতার আন্দোলন ইতিহাসে লেখা থাকবে।’ সৌগত বলেন, আমরা মমতার সঙ্গে ছিলাম। কাছ থেকে দেখেছি সিপিএম যেমন শেষের কয়েকটা বছর মানুষের কাছ থেকে দূরে সরে গিয়েছিল, মমতা সেই সময় জনসংযোগ বাড়িয়েছিলেন। কোনও ঘটনা কানে এলেই তিনি ছুটে যেতেন। রবিবার ব্রিগেডের ভিড় দেখে ডিওয়াইএফ(আই) নেতারা ধরেই নিয়েছেন, ক্ষমতায় এসে গেছেন। চ্যালেঞ্জ করছেন। বলছেন, ব্রিগেডে মমতা খেলা হবে স্লোগান দিয়েছিলেন। ডিওয়াইএফ(আই) এই ব্রিগেডই দখল করবে। আন্দোলন করতে হবে। সিপিএমের আন্দোলন কোথায়? লোকসভা, রাজ্যসভায় শূন্য। মমতার আন্দোলনের ঢেউয়ে ওরা ধুয়ে মুছে সাফ হয়ে গেছে।

ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, ‘বামপন্থী বন্ধুদের কাছে আমার আবেদন তাঁরা এবার বিজেপিকে ভোট না দিয়ে তৃণমূলকে দিন। বিজেপিকে ভোট দেওয়া মানে ভোট নষ্ট করা। ভিড় হলেই ভোট হয় না। গণতন্ত্রে ভোটই আসল। ২০২৪–এ ওরা যতই চেষ্টা করুক আসন পাবে বলে মনে হয় না। আমরা অল্প বয়স থেকে সিপিএমের নেতাদের দেখেছি, যাঁরা আদর্শ নিয়ে রাজনীতি করতেন, তাঁরা পরের দিকে সরে যান। তৃণমূলের সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেন, ‘যাঁরা ব্রিগেডে গিয়েছিলেন, তাঁরা সবাই সিপিএমকে ভোট দেবেন না। সাধারণ মানুষ আস্থা রাখবেন মমতার ওপর। এই ক’বছরে যে উন্নয়ন মমতা করেছেন, সেই উন্নয়নের ওপর ভিত্তি করেই আমরা ভোটে যাব। আমরা ফাঁকা আওয়াজ দিই না। সিপিএমের মতো মিথ্যা প্রতিশ্রুতি দিই না।’

DUM DUM SREE ARABINDA

স্কুলের ৭৫ বর্ষপূর্তি উৎসবের উদ্বোধনে মন্ত্রী ব্রাত্য বসু, সুজিত বসু, সাংসদ সৌগত রায়, প্রাথমিক শিক্ষা পর্ষদের উপসচিব পার্থ কর্মকার, দেবরাজ চক্রবর্তী প্রমুখ। রবিবার। ছবি: আজকাল

৭৫ বছরে দমদম শ্রীঅরবিন্দ বিদ্যামন্দির

আজকালের প্রতিবেদন

৭৫ বছরে পদার্পণ করল দমদম শ্রীঅরবিন্দ বিদ্যামন্দির। রবিবার এই উপলক্ষে শুরু হওয়া উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। ছিলেন মন্ত্রী সুজিত বসু, সাংসদ সৌগত রায়, প্রাথমিক শিক্ষা পর্ষদের উপসচিব পার্থ কর্মকার, দেবরাজ চক্রবর্তী–সহ বিধাননগর ও দক্ষিণ দমদম পুরসভার প্রতিনিধিরা। প্রধান শিক্ষক অসীমকুমার নন্দ জানান, ১০ জানুয়ারি পর্যন্ত চলবে নানা অনুষ্ঠান। তাঁর বক্তব্যে শিক্ষামন্ত্রী রামমন্দির তৈরি এবং তা নিয়ে দেশ জুড়ে মাতামাতি, কেন্দ্রের সরকারের হিন্দি–হিন্দু–হিন্দুস্থান চাপিয়ে দেওয়ার সমালোচনা করেন। বলেন, মন্দির তৈরির সঙ্গে দেশের বেড়ে চলা মূল্যবৃদ্ধি, শিক্ষা, বেকারত্বের কী সম্পর্ক আছে জানি না। তবে জোর করে কিছু চাপিয়ে দেওয়ার প্রতিরোধ করতে হবে। এক্ষেত্রে ধর্মাশোক নয়, চণ্ডাশোক হতে হবে। ‘কপি’সুলভ এসব লাফালাফি আমরা মানব না। মমতা ব্যানার্জির নেতৃত্বে প্রবীণের চিন্তা ও নবীনের উদ্যমে— এই দুইয়ের সমন্বয়ে আমরা এগোব।

‘মমতার নেতৃত্বে ঐক্যবদ্ধ তৃণমূল’

● ১ পাতার পর

তোমার ক্ষমতা থাকলে তুমি আমাকে জেলে ঢোকাও। একথা বলেই তিনি বিজেপিকে কটাক্ষ করে বলেন, দেখুন, বাংলায় হেরে টাকা বন্ধ করে রেখে দিয়েছে। দিল্লিতে আন্দোলন করেছি। মানুষের সমর্থন পেয়েছি। আমার দল আমাকে যে দায়িত্ব দিয়েছে আমি সেটা করেছি। এদিন স্পষ্ট ভাষায় দলের সর্বভারতীয় নেতা বলেন, তৃণমূলে কোথাও কোনও দ্বন্দ্বের জায়গা নেই। আমাকে দল যা দায়িত্ব দিয়েছে আমি তা করেছি। ২০২১ সালে নেতৃত্ব দিতে বলেছিল দিয়েছি। ২০২৪ সালে আমাকে দায়িত্ব দিলে আমি অক্ষরে অক্ষরে পালন করব। মমতা ব্যানার্জি সুসংহত ভাবে দল চালাচ্ছেন। আমি তাঁর পাশে সব শক্তি দিয়ে দাঁড়াব। তিনি প্রশ্ন তোলেন, এই নিয়ে বাজার গরম করার কী আছে। আমি বলেছি বয়স হলে কর্মক্ষমতা কমে। আমি ৩৬ বছরের বলেই আড়াই মাস নবজোয়ারে রাস্তায় ছিলাম। আমি ৭০ বছর হলে সেটা কমবে। এটা তো ধ্রুব সত্য। তার মানে অন্তর্দ্বন্দ্ব, দলাদলি এই সব কী করে আসছে। হ্যাঁ, আমার ২০২৪ সালে বাড়তি দায়িত্ব আছে। যদি দল আমাকে প্রার্থী করে আমাকে নিজের কেন্দ্রের জন্য সেটা করতে হবে। বয়স হলে আমাদের কর্মক্ষমতা কমে। এতে অসুবিধার কী আছে? একই জিনিস আমার জন্য প্রযোজ্য। সব ক্ষেত্রেই এটা প্রযোজ্য। এই কথায় এত বাজার গরমের কী আছে? তৃণমূল কংগ্রেস একসঙ্গে লড়বে। আমার প্রায়োরিটি হয়তো ডায়মন্ড হারবার থাকবে। কিন্তু মমতা ব্যানার্জির ছবি আর জোড়া ফুলের ঝান্ডা নিয়ে যেখানে দল আমাকে যেতে বলবে, যে বুথে ঢুকতে বলবে আমি চলে যাব। মানুষ তৃণমূলের সঙ্গে আছে, নেতা তুলে নিয়ে গিয়ে কী হবে। তাঁর দাবি প্রধানমন্ত্রী আমাদের দাবি ন্যায্য বলেছেন। ১৫–২০ দিন হয়ে গেলেও হেলদোল নেই। তবে এর ব্যবস্থা কী করে করতে হয় আমি জানি। প্রয়োজনে আমি ডায়মন্ড হারবারে এটা শুরু করব। অনেকে বলছে ডায়মন্ড হারবার থেকে লড়ব। যে কেউ এসে লড়তে পারেন। বিজেপির বড়, ছোট, মেজো নেতা যে কেউ আসতে পারেন। আবার বলবেন না মনোনয়ন দিতে পারিনি। সেরকম কিছু হলে জানাবেন আমি সাহায্য করব। নেতা তুলে নিয়ে গিয়ে ভাবলেন ভোট আটকাবে। আরে তাতে কী? নেতা তো মানুষ তৈরি করে।

এদিন বিজেপির কেন্দ্রীয় সংস্থাকে কাজে লাগানো নিয়েও প্রশ্ন তোলেন অভিষেক। তিনি বলেন, টাকা মেরে বিজেপিতে গেলেই সব মাফ। কেউ বলছে ইনসাফ, কেউ বলছে ন্যায়, কেউ বলছে সবকা বিকাশ। আর আজকে আমরা যেটা করেছি সেটা ইনসাফ, সেটা ন্যায়। আজ ডায়মন্ড হারবারে যা হল সেটাই সবকা সাথ সবকা বিকাশ। এদিন তিনি বলেন, আসন্ন ভোটের ময়দানে দেখা হবে। সেদিন লড়াই কী? দেখা যাবে। গতবারের ৩ লাখ ২০ হাজারের ব্যবধান এবার ৪ লাখ করতে হবে। শুধু বাংলায় নয়, দেশে এক নম্বর ডায়মন্ড হারবার থাকবে। এদিন এই সভায় সাংসদ ছাড়াও উপস্থিত ছিলেন মন্ত্রী দিলীপ মণ্ডল, বিধায়ক শওকত মোল্লা–সহ ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের অন্য তৃণমূল নেতারা।

বহরমপুরে খুন গুলিতে তৃণমূল নেতা

● ১ পাতার পর

পরমুহূর্তে দেখেন, সত্যেন রক্তাক্ত অবস্থায় পড়ে আছেন। সঙ্গে সঙ্গে তাঁকে নিয়ে যাওয়া হয় মুর্শিদাবাদ মেডিক্যালে। কিন্তু ততক্ষণে মৃত্যু হয়েছে সত্যেনের। তৃণমূল পঞ্চায়েত সদস্য যুগল হালদার বলেন, ‘সত্যেনদার সঙ্গেই ছিলাম। মজুরদের টাকা দেওয়ার জন্য বসেছিলেন। একটা ফোন আসতেই নেমে যান। আর তারপরই শুনি সত্যেনদাকে গুলি করেছে। কয়েক মিনিটের মধ্যেই সব শেষ হয়ে গেল।’

সত্যেন একদা কংগ্রেস সাংসদ অধীর চৌধুরির ডানহাত ছিলেন। তারপর অধীরের সঙ্গ ছেড়ে তৃণমূলে যোগ দেন। একটা সময়ে তৃণমূলের জেলা কমিটির সাধারণ সম্পাদক হয়েছিলেন। কিন্তু ২০২১–এর বিধানসভার ভোটে টিকিট না পেয়ে দলের সঙ্গে দূরত্ব রেখে চলতেন। তবে চালতিয়া এলাকায় সত্যেনের জনপ্রিয়তা ছিল।

তৃণমূলের বহরমপুর সাংগঠনিক জেলার সভাপতি অপূর্ব সরকার জানান, এই মুহূর্তে সত্যেন চৌধুরি দলের কোনও পদে ছিলেন না। তবে কেন খুন হলেন, তার তদন্ত পুলিশ করছে। তৃণমূল বিধায়ক হুমায়ুন কবির জানান, ‘এক মাস আগেও সত্যেন আশঙ্কা প্রকাশ করেছিল খুনের।’ সত্যেন চৌধুরি খুন হওয়ায় দুঃখ প্রকাশ করেছেন প্রদেশ সভাপতি সাংসদ অধীর চৌধুরি। তিনি বলেন, ‘একটা সময়ে আমার কাছের ছিল। কিন্তু দীর্ঘদিন ধরেই সত্যেনের সঙ্গে কোনও যোগাযোগ ছিল না।’

ঘটনাস্থলের পাশেই একটি বেসরকারি হাসপাতাল। রাস্তায় তাদের সিসিটিভি ক্যামেরার ফুটেজ পুলিশ নিয়ে দেখছে। অতিরিক্ত পুলিশ সুপার ওয়াসিম খান বলেন, ‘একটি বাইকে ৩ জন দুষ্কৃতী এসে গুলি করে। কী কারণে খুন আমরা খতিয়ে দেখছি। বিভিন্ন এলাকায় তল্লাশিও চলছে।’ চালতিয়ায় সত্যেনের বাড়িতে, পাড়ায় শোকের ছায়া নেমেছে।

বैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

শিলিগুড়ি রিজিওনাল অফিস
হোমল্যান্ড বিজনেস সেন্টার, ৫ম তল, ৩য় মাইল
সেবক রোড, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৮

পরিশিষ্ট ৭ নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

নিম্নোক্ত ব্যক্তিগণকে এতদ্বারা জানানো হচ্ছে যে, তাঁরা লোন অ্যাকাউন্টের বকেয়া মেটাতে ব্যর্থ হয়েছেন। রেজিস্টার্ড ডাকে পাঠানো নোটিস বিলি না হয়ে ব্যাঙ্কে ফেরত এসেছে। তাই তাঁদের বকেয়া–সহ অন্য চার্জ নিম্নোক্ত তারিখের আগে মিটিয়ে দিতে অনুরোধ করা হচ্ছে, যাতে ব্যর্থ হলে জামিন পরিসম্পদ দেনদারের ঝুঁকিতে **১৫.০২.২০২৪ বা অন্য তারিখে বেলা ১১.৩০–এ** বিক্রি করা হবে ব্যাঙ্ক চত্বরে, যার জন্য ব্যাঙ্কের কোনও বিজ্ঞপ্তি জারি হবে না।

ক্রম নং	শাখা	ঋণের তারিখ	লোন এ/সি নং	দেনদারের নাম ও ঠিকানা	বন্ধকি সম্পদ খালাসের শেষ তারিখ
১.	ভুলকি	০১.০২.২০২৩	১৯১৫০৬০০০০২২৩৩	মোস্তাকিন হোসেন, গ্রাম– হাটচক, পোঃ কুমারগঞ্জ, জেলা– কোচবিহার, পঃবঃ– ৭৩৬১৩৪	১০.০২.২০২৪
২.	অমরকুণ্ডু	১৯.১২.২০২২	২২৩০০৬০০০০২৬১৮	সাদিকুল ইসলাম, প্রযত্নে শাহজাহান শেখ, পোঃ কুমারসান্ডা, থানা– কান্দি, জেলা– মুর্শিদাবাদ, পঃবঃ– ৭৪২১৩৬	১০.০২.২০২৪
৩.	জলপাইগুড়ি	১৬.১২.২০২০	২৪৮৬০৬০০০০২২৫৪	সুশান্ত শিকদার, কুদিপাড়া, সিংমারি, প্রথম, খণ্ড, কোতোয়ালি, জলপাইগুড়ি	১০.০২.২০২৪
৪.	ইংলিশবাজার	০৪.০৬.২০২১	২৯৭৩০৬০০০০৩৩১৮	উকিল আলি, পিতা– মহম্মদ ফকিরা খান, হারুগ্রাম ইংলিশ, গৌড়, হারুগ্রাম ইনলিশ, কালিয়াচক–১, মালদা, পঃবঃ– ৭৩২১০৩	১২.০২.২০২৪
৫.	ইংলিশবাজার	২৩.০৩.২০২২	২৯৭৩০৬০০০০৪৪৭১	উকিল আলি, পিতা– মহম্মদ ফকিরা খান, হারুগ্রাম ইংলিশ, গৌড়, হারুগ্রাম ইনলিশ, কালিয়াচক–১, মালদা,পঃবঃ– ৭৩২১০৩	১২.০২.২০২৪
৬.	ইংলিশবাজার	০৮.১০.২০২০	২৯৭৩০৬০০০০২১৮৪	মহঃ রিজাউল হক, পিতা– মহম্মদ মমতাজ আলি, আলিপাড়া, কোকলামারি, মালদা, পঃবঃ– ৭৩২২০৮	১২.০২.২০২৪
৭.	কালিয়াচক	৩০.১২.২০২০	৩৯৯২০৬০০০০০৮১৭	আবদুস সামাদ, পিতা– শেখ মোয়াজ্জেম, গ্রাম ও পোঃ হারুচক, কালিয়াচক, মালদা, পঃবঃ, ৭৩২২০১	২৫.০১.২০২৪
৮.	কালিয়াচক	১২.১০.২০২০	৩৯৯২০৫০০০০২৩৭৮	রবি চৌধুরি, রাজনগরের কাছে, পোঃ বীরনগর, কালিয়াচক, মালদা, পঃবঃ ৭৩২২০১	২৫.০১.২০২৪
৯.	কালিয়াচক	৩১.০৩.২০২২ ও ২৯.০৪.২০২০	৩৯৯২০৫০০০০২৬৩৩ ও ৩৯৯২০৫০০০০১৮৬১	মহঃ কবিরুদ্দিন শেখ, পিতা– মহঃ জোহক শেখ, গ্রাম ও পোঃ দক্ষিণ লক্ষ্মীপুর, কালিয়াচক, মালদা, পঃবঃ– ৭৩২২০১	২৫.০১.২০২৪
১০.	কালিয়াচক	২২.০১.২০২১	৩৯৯২০৬০০০০০৯৬৪	মাহমুদা বিবি, উত্তর দরিয়াপুর, কালিয়াচক, মালদা, পঃবঃ– ৭৩২২০১	২৫.০১.২০২৪
১১.	মণীন্দ্রনগর	২৪.০৭.২০২০	৩৬২৫০৬০০০০০৮০৬	মোস্তাকিন সরকার, কুলবেড়িয়া, দৌলতাবাদ, মুর্শিদাবাদ, পঃবঃ– ৭৪২৩০২	১০.০২.২০২৪
১২.	সুলতানগঞ্জ	৩০.০৯.২০২২	৮০৫৮০৬০০০০৩২১০	মহঃ এব্রাহিম শেখ, পিতা– মহঃ নেজামুদ্দিন শেখ, পশ্চিম খাসচাঁদপুর, সুলতানগঞ্জ, কালিয়াচক, মালদা, পঃবঃ– ৭৩২২০১	১৯.০১.২০২৪
১৩.	সুলতানগঞ্জ	১৮.০৩.২০২৩	৮০৫৮০৬০০০০৩৭৯২	মুরসালিম শেখ, পিতা– মহঃ সাফিরুদ্দিন শেখ, চরকাটোলা খাসচাঁদপুর, সুলতানগঞ্জ, কালিয়াচক, মালদা, পঃবঃ– ৭৩২২০১	১৯.০১.২০২৪
১৪.	মালবাজার	০৭.০৩.২০২০	৫৬৯৭০৫০০০০০১১২	শ্রীমতী ললিতা সেন, স্বামী– মলয় সেন, ঝালং ২ নং কলোনি, পাটেন গোডাক, খাসমহল, জেলা কালিম্পং, পঃবঃ– ৭৩৪৫০৩	০৯.০২.২০২৪

তারিখ: ০৮.০১.২০২৪

ডেপুটি রিজিওনাল ম্যানেজার

ই–অকশন বিক্রয় বিজ্ঞপ্তি

অমৃত হ্যাচারিজ প্রাইভেট লিমিটেড (লিকুইডেশনের অধীনে)
রেজিঃ অফিস: ১৫৮, লেনিন সরণি, ৪র্থ তল, কলকাতা–৭০০ ০১৩, পশ্চিমবঙ্গ
লিকুইডেটরের ঠিকানা: সুমেধা ম্যানেজমেন্ট সলিউশনস প্রাঃ লিঃ
৮বি, মিডলটন স্ট্রিট, ৬এ, গীতাঞ্জলি, কলকাতা–৭০০ ০৭১, ভারত
যোগাযোগ: ৯৮৩০৭০২৭৭৭; ই–মেল: ip.amrithatcheriespvtltd@gmail.com

সর্বসাধারণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্কারাপ্টসি কোড ২০১৬ এর ধারা ৩৫ (এফ) সঙ্গে পঠিতব্য লিকুইডেশন রেগুলেশনের রেগুলেশন ৩৩ এবং সূচি ১ অনুযায়ী সম্পদসমূহ বিক্রয়ের জন্য ই–অকশন বিক্রয় বিজ্ঞপ্তি অমৃত হ্যাচারিজ প্রাইভেট লিমিটেড নিম্নবিবৃত সম্পদসমূহ ‘যেখানে যেমন আছে’, ‘যেখানে যেভাবে আছে’, ‘যা আছে তা আছে’ এবং ‘অন্য কোনও উপায় ব্যতীত’ ভিত্তিতে এখানে নিম্নের টেবিলে বিবৃত তারিখে বিক্রয় হবে। সাধারণকে বিড প্রদান করতে আহ্বান জানানো হচ্ছে।

সম্ভাব্য বিডারগণ দ্বারা আবেদনপত্র–সহ যোগ্যতামান নথি জমা করার শেষ তারিখ	সোমবার, ০৮.০১.২০২৪
যোগ্য বিডারগণের প্রতি জ্ঞাপনী	বৃহস্পতিবার, ২৫.০১.২০২৪
ডেটা রুমের অধিকার, স্থানের পরিদর্শন এবং আলোচনাসভার শেষ তারিখ	২৫.০১.২০২৪ থেকে ০১.০২.২০২৪ তারিখ পর্যন্ত বিকেল ৫.০০টার পূর্বে
ইএমডি জমার শেষ তারিখ	শুক্রবার, ০২.০২.২০২৪, বিকেল ৫.০০টার পূর্বে। প্রদেয় আরটিজিএস/ডিডিও/ব্যাঙ্ক ট্রান্সফার মাধ্যমে **“Amrit Hatcheries Private Limited (in liquidation)”**. যার অ্যাকাউন্ট নং: ০০৮৯০০২১০০১২২৪৫৪, পিএনবি, বড়বাজার ব্রাঞ্চ, আইএফএসসি কোড: PUNB0008900
ই–অকশনের তারিখ ও সময়	নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই–অকশন প্ল্যাটফর্ম ***www.eauctions.co.in***–এর মাধ্যমে ০৬.০২.২০২৪ দুপুর ৩.০০ থেকে বিকেল ৫.০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

সম্পদের সূচি (কোটিতে)

লট নং	সম্পদের বিবরণ	সংরক্ষিত মূল্য	ইএমডি	বৃদ্ধির অর্থাঙ্ক
১	বিল্ডিং ও নির্মাণ, প্লান্ট ও মেশিনারি, গাড়ি স্থিতি মৌজা– রঘুনাথপুর, থানা– কাঁকসা, বানকোটি গ্রামপঞ্চায়েতের অধীনে, জেলা– পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩ ১৪৮	৫.৯৯	০.৬০	০.১০
২	ল্যাপটপ, পিসি, প্রিন্টার, মনিটর, ফ্রিজ, এয়ারকন্ডিশনার, চেয়ার, ল্যান্ডলাইন, সাউন্ড অ্যাম্পলিফায়ার, সাউন্ড সিস্টেম, এমআইসি এবং সেটআপ বক্স অবস্থিত কর্পোরেট ঋণগ্রহীতার রেজিস্টার্ড অফিসে ১৫৮, লেনিন সরণি, ৪র্থ তল, কলকাতা–৭০০ ০১৩, পশ্চিমবঙ্গ স্থানে	০.০৩৩	০.০৩৩	০.০১

প্রসেস ডকুমেন্ট বিবৃত শর্তাবলি ও নিম্নলিখিত শর্তাবলি অনুযায়ী বিক্রয় অনুষ্ঠিত হবে, যা পাওয়া যাবে ***www.eauctions.co.in***

১) সূচিতে বিবৃত বিবরণসমূহ লিকুইডেটরের সর্বশ্রেষ্ঠ জ্ঞান অনুযায়ী প্রদান করা হয়েছে, কিন্তু ঘোষণার কোনও ভুল, ভুল তথ্য অথবা বাদের জন্য লিকুইডেটর দায়ী থাকবেন না।
২) প্রসেস নথিতে বিবৃত সময়সীমার মধ্যে সম্পদ ও নির্ধারিত বিবরণ যাচাইয়ের দায়িত্ব বিডারগণের। আগ্রহী বিডারগণ নিলামের জন্য সম্পদসমূহ উপরোক্ত নির্ধারিত সময়সীমার মধ্যে পরিদর্শন করার অনুমতি পাবেন।
৩) ই–অকশনের সম্পদ ক্ষেত্রে কোনও দাখিল, লিয়েন, দায় বা সরকার বা অন্যের প্রতি বকেয়ার জন্য লিকুইডেটর দায়ী থাকবেন না। আগ্রহী বিডারগণ নিজেদের দায়িত্বে সম্পত্তিতে দায়–সহ বিধিবদ্ধ দায়, সম্পত্তি কর বকেয়া, বিদ্যুৎ বকেয়া সম্পর্কে নিজস্ব খোঁজখবর করে নেবেন।
৪) ই–অকশনে বিক্রয় প্রক্রিয়া অংশগ্রহণের পূর্বে এবং তাঁদের বিড জমা করার পূর্বে বিডারগণকে **প্রসেস নথিতে** যাওয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

দায় অস্বীকার: এই বিজ্ঞাপন বিডারগণের আগ্রহ প্রজ্ঞাপনের জন্য এবং সেই ক্ষেত্রে লিকুইডেটরের কোনও দায় নেই। লিকুইডেটর যে কোনও সময়, যে কোনও ক্ষেত্রে এই প্রস্তাবনার সময়ের পরিবর্তন বা বাতিল করার অধিকার, ওইরূপ পরিমার্জন, আগ্রহ প্রকাশনা ক্ষেত্রে বিজ্ঞাপিত করা হবে।

স্বাঃ/–
বিজয় মুরমুরিয়া
লিকুইডেটর, মেসার্স অমৃত হ্যাচারিজ প্রাঃ লিঃ
আইবিবিআই রেজিঃ নং: IBBI/IPA-001/IP-N00007/2016-17/10026
এএফএ বৈধতা: ৩০.১০.২০২৪ পর্যন্ত
স্থান: কলকাতা

তারিখ: ০৮.০১.২০২৪

NAIHATI MUNICIPALITY
EMPLOYMENT NOTICE
Memo No.4502/MC-11, Date-06/01/2024

Applications are invited from the **eligible women candidates (married/ divorced/ widow)** who must be a resident of this municipality to fill up the vacancies of the post **Honorary Health Workers(HHWs)**.Interested candidates can apply within **30th January, 2024.** For details please visit our official website : **https://www.naihatimunicipality.in/** Office Notice Board.

Sd/-
Member Convenor,
Selection Committee

GOVERNMENT OF WEST BENGAL

NOTICE

Online applications are invited from candidates for recruitment to the post of Medical Technologist (Lab) (purely contractual) at the Blood Centre of Rampurhat Govt. Medical College & Hospital (Vide Memo No. RPHGMCH/ Estt./18, Date: 04/01/2024). Online Submission of application: From 08/01/2024 (from 10 am) to 15/01/2024 (upto 5.00 pm) For, all the instructions and Notice, Please visit:- www.wbhealth.gov.in, www.birbhum.nic.in, www.rampurhatgmch.edu.in. Submission of online application and documents at:- www.rampurhatgmch.edu.in

Sd/- Principal, Rampurhat Govt. Medical College & Hospital. **ICA-N 14(3)/2024**

NOTICE INVITING e-QUOTATION

NIe-Q NO: 93/EE(E)/NKDA/2023-24

Online e-Quotation are invited by the Executive Engineer (E) New Town Kolkata Development Authority vide memo no 11755/EE(E)/NKDA/ Elect/2023-24 dated 04/01/2024 for the work. Having tender amount Agency has to quote only. Bid submission closing date 20.01.2024, For other details please visit our website at www.nkdamar.org & https://wbtenders.gov.in and the office notice board Newtown, Kolkata-700156.

Executive Engineer (E)
New Town Kolkata Development Authority

PUBLIC NOTICE

WE ARE MOVING!

At a location more convenient to you

We are shifting our branch office

FROM:

HDFC Life Insurance Company Limited
Atithi Building, 2nd floor, Above Allahabad Bank,
O.T. Road, Kharagpur - 721305, West Bengal

TO:

HDFC Life Insurance Company Limited
4th Floor, ATWALS Real Estate, OT Road,
College More, Inda, Kharagpur,
Paschim Medinipur - 721305, West Bengal

W.e.f. 15.01.2024

HDFC Life
Sar utha ke jiyo!

For any further assistance, please call us on our helpline number **1860-267-9999** (local charges apply).
Alternatively, you can mail us at **service@hdfclife.com**

---

pnb Housing Finance Limited
Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A
স্থাবর সম্পত্তি(সমূহ)–এর ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নয়া দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: **www.pnbhousing.com**
কলকাতা অফিস: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতা–এর এই ওয়েবসাইট দেখুন: **www.pnbhousing.com**.

লোন অ্যাকাউন্ট নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীগণের নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
NHL/SKOL/0118/477238 এবং NHL/KOL/0117/347232 ব্রাঞ্চ অফিস: সাউথ কলকাতা শ্রী ভেঙ্কটেশ্বরা রিয়েলকন প্রাইভেট লিমিটেড/ মেসার্স ট্রান্সটেক সলিউশনস প্রাঃ লিঃ, এর ডিরেক্টরগণের মাধ্যমে: মিঃ সুদর্শন বাগড়ি, মিঃ অংশুমান বাগড়ি জামিনদার রূপে মিঃ সুদর্শন বাগড়ি	₹ ৩,০৯,৬৫,৬৩৬.৯৭ ০৯.০৭.২০২১ অনুযায়ী	বাস্তবিক	নিম্নোক্ত জমি বা এর অংশবিশেষের ওপর ইটনির্মিত বহুতল বিল্ডিংয়ের সম্পূর্ণ ফার্স্ট ফ্লোর জুড়ে থাকা সামান্য কমবেশি ৩৩০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত ফ্ল্যাট এবং অপর সকল কাঠামো, অংশ, বিভাগ, সুবিধা, ইউটিলিটি ইত্যাদির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: প্রেমিসেস নং ১, অ্যালেনবি রোড, বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির পরিমাপ সামান্য কমবেশি ৬ কাঠা, থানা– ভবানীপুর, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৭০ নং ওয়ার্ডের এলাকাধীন, কলকাতা– ৭০০০২০। **চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– ৪০, এলগিন রোড; পূর্ব– ৩ ও ৩/১, রে স্ট্রিট; দক্ষিণ– কারনানি ম্যানসন, ৩, অ্যালেনবি রোড; পশ্চিম– অ্যালেনবি রোড নামে পরিচিত সরকারি রাস্তা।	₹ ৪,৩৪,৭৮,০০০.০০ (চার কোটি চৌত্রিশ লক্ষ আটাত্তর হাজার টাকা মাত্র)	₹ ৪৩,৪৭,৮০০.০০ (তেতাল্লিশ লক্ষ সাতচল্লিশ হাজার আটশো টাকা মাত্র)	১২.০২.২০২৪ বিকেল ৫টা ৩০ মিনিটের আগে	₹ ২ লক্ষ	০২.০২.২০২৪ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	১৩.০২.২০২৪ সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ২টো ৩০ মিনিট	(১) শ্রী ভেঙ্কটেশ্বরা রিয়েলকন প্রাঃ লিঃ বনাম পিএনবি এইচএফএল, মামলা নং এসএ ১৩৯/২০২২, ডিআরটি-III; (২) মোনাজ সাহা বনাম পিএনবি এইচএফএল, মামলা নং এসএ ৭৩৭/২০২৩, ডিআরটি-III; (৩) মোনাজ সাহা বনাম পিএনবি এইচএফএল, মামলা নং সিও ৩৫৭২/২০২৩, কলকাতা হাই কোর্ট

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাসুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই।
২. নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে।
৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে।
৪. ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে **মেসার্স সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ**, কর্পোরেট অফিসের ঠিকানা: প্লট নং ৬৮, ফ্লোর নং ৩, সেক্টর ৪৪, গুরুগ্রাম, হরিয়ানা– ১২২০০৩, ওয়েবসাইট: www.bankeauctions.com। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, ই–মেল: auction@pnbhousing.com, পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি অথবা, **www.pnbhousing.com** দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ০৭.০১.২০২৪

স্বাঃ– অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড